



আমরা জনগণের পক্ষে

# বাংলাদেশ প্রতিদিন

বাংলাদেশ প্রতিদিন, ১৮-০৩-২০২৩, অনলাইন

## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে মেধা বৃত্তি প্রদান



পড়ালেখায় অসামান্য কৃতিত্বের জন্য ২১৭ জন শিক্ষার্থীকে মেধা বৃত্তি প্রদান করেছে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর বেশিরভাগই নারী।

বৃহস্পতিবার সকালে রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের মঞ্জুর এলাহী মিলনায়তনে ২০২২ সালের গ্রীষ্মকালীন থেকে ২০২৩ সালের বসন্তকালীন সেমিস্টারে বৃত্তি পাওয়া শিক্ষার্থীদের হাতে বৃত্তির সনদ তুলে দেয়া হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন বাংলাদেশ'র সদস্য অধ্যাপক ডক্টর মুহাম্মদ আলমগীর। তিনি বলেন, আমাদের শিক্ষার্থীদের ভেতরে নানা ধরনের অস্থিরতা কাজ করে। যার কারণে সম্প্রতি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অনাকাঙ্ক্ষিত সংঘর্ষের ঘটনা ঘটছে। ক্লাসের পড়ালেখাসহ গোটা বিশ্ববিদ্যালয়ে এমন পরিবেশ তৈরি করতে হবে, তা যেন শিক্ষার্থীদের ভেতরে স্থিরতা আনতে সহায়ক হয়। এর জন্য তিনি শিক্ষকমণ্ডলী এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. জিয়াউলহক মামুন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারপার্সন, শিক্ষক, কর্মকর্তা, বৃত্তি পাওয়া শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা উপস্থিত ছিলেন।